

الْمُوَخَّر

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রহিম

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম 'আসমাউল হুসনার' ৭২ তম নাম 'الْمُوَخَّر' আজকের আলোচনার বিষয়। আরবি ভাষায় 'الْمُوَخَّر' শব্দের মূল ۱ - خ - ر, এই মূল শব্দ থেকে গঠিত শব্দসমূহ পবিত্র কোরআন মাজিদে ২৫০ বার এসেছে। শেষ, সমাপ্তি, অন্য, পরবর্তী, প্রজন্ম, অবকাশ, দেয়া, দেরি করা, স্থগিত করা, পরকাল, পেছনে ফেলে দিন ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়েছে। আল্লাহ الْمُوَخَّر অর্থ: 'তিনি পেছনে ফেলে দেন'।

মহান আল্লাহ পবিত্র কুরআনে ইরশাদ করেন:

هُوَ الْأَوَّلُ وَالْآخِرُ وَالظَّاهِرُ وَالْبَاطِنُ وَهُوَ بِكُلِّ شَيْءٍ عَلِيمٌ ﴿٣﴾

তিনিই প্রথম, তিনিই শেষ, তিনি প্রকাশ্য, তিনি গোপন, প্রতিটি বিষয়ে তিনি জ্ঞানী। (সূরা আল হাদিদ: আয়াত নং ৩)

يَغْفِرْ لَكُمْ مِّنْ ذُنُوبِكُمْ وَيُؤَخِّرْكُمْ إِلَىٰ أَجَلٍ مُّسَمًّى إِنَّ أَجَلَ اللَّهِ إِذَا جَاءَ لَا يُؤَخَّرُ لَوْ كُنْتُمْ تَعْلَمُونَ ﴿٤﴾

তাহলে তিনি ক্ষমা করে দেবেন তোমাদের পাপ সমূহ এবং তোমাদের অবকাশ দেবেন একটি নির্দিষ্ট সময় পর্যন্ত। জেনে রাখ, আল্লাহর নির্ধারিত সময়ে এসে পড়লে তা আর দেরী করা হয় না। যদি তোমরা জানতে। (সূরা নূহ: আয়াত নং ৪)

মুসলিম শরীফের হাদীস:

মানুষ মৃত্যু বরণ করলে তার আমল করার ক্ষমতার সমাপ্তি ঘটে, কিন্তু তিনটি আমল ব্যতীত- সদকায়ে জারিয়া। মানুষের জন্য উপকারী জ্ঞান। পূণ্যবান পরবর্তী বংশধর যারা মৃত ব্যক্তির জন্য দোয়া করে।

প্রিয় ভাই ও বোনেরা! মৃত্যু অবধারিত। নির্দিষ্ট সময়েই মৃত্যুবরণ করতে হবে। আসুন, আমরা দুনিয়ায় ভাল আমল করি এবং সদকায়ে জারিয়া, মানুষের উপকারী জ্ঞান ও সৎ সন্তান রেখে যেন আমাদের মৃত্যু হয় সে ধরনের প্রচেষ্টা করি। আল্লাহ আমাদের শিরকমুক্ত সঠিক আমল করার তৌফিক দান করুন।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়াহমা তুল্লাহি ওয়াবাকাতুহ।